দৈনিক
জনকণ্ঠ

তারিখ 18 JAN ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

# কাল ৮ সরকারী স্কুলে শুরু হবে ভর্তিযুদ্ধ

জনকণ্ঠ রিপোর্ট

বৃহস্পতিবার শুরু হচ্ছে সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা। তিনদিনে অনুষ্ঠিতব্য এই ভর্তি পরীক্ষার প্রথম দিনে কাল ৮টি স্কুলে ছাত্রছাত্রীরা প্রতিযোগিতায় অবতীর্ণ হবে।

(৪-এর পাতায় দেখুন)

## কাল ৮ সরকারী স্কুলে

(৮-এর পাতার পর)

বৃহস্পতিবার যে ৮টি সরকারী স্কুলে ভর্তির জন্য পরীক্ষা হবে সেগুলো হচ্ছে– গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর উচ্চ বিদ্যালয়, নিউ গবর্নমেন্ট গার্লস হাই স্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়। সকাল ৯টা থেকে দু'দফায় অনুষ্ঠিত হবে পরীক্ষা। প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ভর্তিচ্ছুদের পরীক্ষা শুরু হবে সকাল ৯টায়, চলবে ১১টা পর্যন্ত। ষষ্ঠ থেকে নবম শ্রেণীর পরীক্ষা হবে দেড়টা থেকে সাড়ে তিনটা পর্যন্ত। প্রতিটি ক্লাসের জন্য ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা হবে। প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষায় থাকবে দুটি বিষয়– বাংলা এবং অঙ্ক। উভয় বিষয়ে ৫০ নম্বর করে। আর দ্বিতীয় থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষায় বাংলায় ৩০, ইংরেজীতে ৩০ এবং অঙ্কে ৪০ নম্বর থাকবে।

সরকারী স্কুলগুলোর ভর্তি পরীক্ষা নিয়ন্ত্রণ করা হচ্ছে কেন্দ্রীয়ভাবে। পরীক্ষার খাতা দেখার ব্যাপারে সংশ্লিষ্ট স্কুলের শিক্ষকদের এবার তেমন কোন ভূমিকাই থাকবে না। কোডিং পদ্ধতির মাধ্যমে খাতা পাঠিয়ে দেয়া হবে অন্য স্কুলের শিক্ষকদের কাছে। ফলে তাঁদের পক্ষেও জানা সম্ভব হবে না খাতাটি কার কিংবা কি তার রোল নম্বর। এসব কারণে সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা নিয়ে এবার তেমন কোন সন্দেহ কিংবা বিতর্ক দেখা যাচ্ছে না।

সরকারী স্কুলগুলোর মধ্যে সবচেয়ে বেশি ভিড় দেখা যাচ্ছে গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল এবং ধানমণ্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে। গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুলের প্রধান শিক্ষক রশিদ উদ্দিন জাহিদ জানান, প্রথম থেকে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত তাঁরা এবার মোট ২৮৭ ছাত্র ভর্তি করবেন। এর মধ্যে প্রথম শ্রেণীতেই ৪টি শাখায় ভর্তি করা হবে ২৪০ জন। প্রথম শ্রেণীসহ ৬টি শ্রেণীতে ভর্তি হতে এবার সেখানে ফরম জমা পড়েছে ৩ হাজার ২০০টি। ধানমণ্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে মোট ...৪৪টি আসনের জন্য পরীক্ষায় অংশ ...চ্ছে ৩ হাজার ১শ' ৫৫ ছাত্র। এই ...লের প্রধান শিক্ষক একেএম মোস্তফা ...মালের মতে, ভর্তি পরীক্ষার নতুন এই ...দ্ধতির কারণে কোন বিতর্কের সম্মুখীন ...তে হচ্ছে না। বিব্রতকর অনেক ...রিস্থিতি থেকে সহজেই রেহাই পাওয়া ...চ্ছে।

...তামধ্যে নগরীর নামীদামী বেসরকারী ...শির ভাগ স্কুলেই ভর্তি পরীক্ষা শেষ হয়ে ...ছে। কয়েকটি জায়গায় অবশ্য এখনও ... পরীক্ষার ফল প্রকাশিত হয়নি। ...ইডিয়াল স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত ...েছে তিনদিনে। আজ বুধবার ...খানকার প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষার ... প্রকাশিত হবে। বেসরকারী এসব ...র পাশাপাশি নিম্নবিত্ত ও মধ্যবিত্ত ...বারগুলো সরকারী স্কুলের বিষয়ে ...ষ আগ্রহ দেখাচ্ছে। ভর্তি ও বেতন ...নত্ত ব্যয় এ সকল স্কুলে কম এবং এর ...পাশি লেখাপড়ার উন্নত মানই এসব ...র প্রতি উক্ত দুই শ্রেণীর পরিবারকে ... আগ্রহী করে তুলেছে।

... ক্লাসে ভর্তির সুযোগ থাকলেও ...রী স্কুলগুলোতে সবচেয়ে বেশি ভর্তি ...হচ্ছে প্রথম এবং ষষ্ঠ শ্রেণীতে। জানা ... ২৪টি সরকারী স্কুলে মোট যে ৭ ...রের মতো ছাত্রছাত্রী ভর্তি করা হবে ...মধ্যে চার হাজারই প্রথম ও ষষ্ঠ ...তে। ষষ্ঠ শ্রেণীর ক্ষেত্রে আবার ... গুরুত্ব পাচ্ছে বিভিন্ন সরকারী ...ক বিদ্যালয়। এ সমস্ত বিদ্যালয় ...পঞ্চম শ্রেণী পাস ছাত্রছাত্রীদের জন্য ...ণীর ৪০ থেকে ৫০ শতাংশ আসন ...ত রাখা হয়েছে। কিন্ডারগার্টেনের ...ক্য না ভুলে নগরীর অভিভাবকরা ...াদের সন্তানদের সরকারী প্রাথমিক ...য় পাঠাতে আগ্রহী হয়, সে ... সৃষ্টির লক্ষ্যেই ভর্তি পদ্ধতিতে ...ন সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে ...শ্লিষ্ট এক কর্মকর্তা মন্তব্য করেন।